

বাংলাদেশ জাতীয় জাদুঘর  
শাহবাগ, ঢাকা-১০০০।

## সংবাদ বিজ্ঞপ্তি

### বাংলাদেশ জাতীয় জাদুঘরে আন্তর্জাতিক জাদুঘর দিবস ২০২০ উদযাপন

১৮ মে আন্তর্জাতিক জাদুঘর দিবস। জাদুঘরসমূহের আন্তর্জাতিক প্রতিষ্ঠান International Council of Museums (ICOM) দিবসটি পালন উপলক্ষ্যে প্রতিবছর একটি করে প্রতিপাদ্য বিষয় নির্বাচন করে। প্রতিপাদ্য বিষয়টিকে কেন্দ্র করে বিশ্বের জাদুঘরসমূহ বর্ণাঢ্য আয়োজনের মাধ্যমে দিবসটি উদযাপন করে থাকে। আন্তর্জাতিক জাদুঘর দিবস উদযাপন উপলক্ষ্যে International Council of Museums (ICOM) এবছরে প্রতিপাদ্য বিষয় হিসেবে নির্বাচন করেছে **Museum for Equality: Diversity and Inclusion** বা **সাম্যের জন্য জাদুঘর: বৈচিত্র্য ও অন্তর্ভুক্তি**। বাংলাদেশ জাতীয় জাদুঘর প্রতিবছর দিবসটি উদযাপন উপলক্ষ্যে বর্ণাঢ্য র্যালি, বিষয়ভিত্তিক সেমিনার এবং বিশেষ প্রদর্শনী আয়োজন করে থাকে। এবারের আয়োজনে জাদুঘরের ওয়েবসাইটে ([www.bangladeshmuseum.gov.bd](http://www.bangladeshmuseum.gov.bd)) দুটি বিশেষ ই-ক্লোডপত্র প্রকাশ করা হবে। জন্মশতবর্ষে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের প্রতি বিনম্র শ্রদ্ধা জ্ঞাপনের স্মারক হিসেবে জাতীয় জাদুঘরে সংগৃহীত জাতির পিতার স্মৃতি নিদর্শনের আলোকচিত্র সম্বলিত একটি ক্লোডপত্র এবং অন্য ক্লোডপত্রে সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী, সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সচিব, বাংলাদেশ জাতীয় জাদুঘর বোর্ড অব ট্রাস্টিজের সভাপতি এবং বাংলাদেশ জাতীয় জাদুঘরের মহাপরিচালকের শুভেচ্ছাবাণী এবং জাদুঘরের মহাপরিচালকের লেখা জাদুঘর বিষয়ক প্রবন্ধ থাকবে। আগ্রহী নাগরিকগণ ঘরে বসেই এই দুটি ই-ক্লোডপত্র ও বাংলাদেশ জাতীয় জাদুঘরের ভার্সুয়াল গ্যালারি ([www.vt.bnm.org.bd](http://www.vt.bnm.org.bd)) পরিদর্শন করে নিজেকে জাদুঘরের সাথে সম্পৃক্ত করতে পারবেন। নিশ্চয়ই আগামী বছরগুলোতে আন্তর্জাতিক জাদুঘর দিবস করোনা মুক্ত পরিবেশে নানা কর্মসূচির মাধ্যমে উদযাপন করা যাবে এই প্রত্যাশা রইল।

বাংলাদেশ জাতীয় জাদুঘর কর্তৃপক্ষ